বিদেশ ও বস্ত্র প্রতিমন্ত্রী শ্রী পবিত্র মার্গারিটার স্পেন সফর (3-5 নভেম্বর, 2026)

বিদেশ ও বস্ত্র প্রতিমন্ত্রী [এমওএস (পিএম)] শ্রী পবিত্র মার্গারিটা 3-5 নভেম্বর 2026 তারিখে স্পেনে সরকারি সফরে যাবেন।

2. এই সফরকালে প্রতিমন্ত্রী (পিএম) স্পেন দ্বারা আয়োজিত আইবেরো-আমেরিকান সম্মেলনের 30তম সামিটে অংশগ্রহণ করবেন। ভারত এই সম্মেলনে সহযোগী পর্যবেক্ষক হিসেবে যোগ দিতে প্রস্তুত। বর্তমানে এই সম্মেলনে 22টি সদস্য দেশ রয়েছে – ল্যাটিন আমেরিকার 19টি এবং ইউরোপের 3টি দেশ (স্পেন, পর্তুগাল ও অ্যান্ডোরা) এবং 12টি অ্যাসোসিয়েট অবজার্ভার এবং 20টি কনসালটিভ অবজার্ভার দেশ রয়েছে।

3. প্রতিমন্ত্রী (পিএম)-এর এই সফর ভারত-স্পেন সংস্কৃতি, পর্যটন ও কৃত্রিম বুদ্ধিমত্তা বর্ষ উদ্‌যাপনের ধারাবাহিকতায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে চিহ্নিত হবে। তিনি শীর্ষ সম্মেলনের পাশাপাশি সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ সমপদস্থ ব্যক্তিদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন এবং মাদ্রিদে বসবাসরত ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সঙ্গেও মতবিনিময় করবেন।

নয়া দিল্লি

01 নভেম্বর, 2026